''শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ''

প্রতিদিন অন্ততঃ একবার আপনার প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন। প্রতিদিন একবার হলেও কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইট

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ-কৃষি শাখা
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bteb.gov. bd) ভিজিট করুন।

স্মারক নং বাকাশিবো/পঃনিঃবি/কৃষি/২০১৭/৮৭ তারিখঃ ০৬/০৬/২০১৭খ্রিঃ

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের কারিকুলাম বিভাগ হতে জারিকৃত শিক্ষা বর্ষপঞ্জির-২০১৬-২০১৭ এর আলোকে ৪ বৎসর মেয়াদী ডিপ্লোমা- ইন- ফরেস্ট্রি শিক্ষাক্রমের ফরেস্ট সায়েন্স এন্ড টেকনোলজী ইন্সটিটিউট, চট্টগ্রাম এর ১ম ও ৩য় পর্ব পরিপূরক (৪০ দিনের) বোর্ড সমাপনী পরীক্ষা আগামী ৪/০৭/২০১৭ খ্রিঃ রোজ মঙ্গলবার হতে নিজস্ব প্রতিষ্ঠান/কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

উক্ত পরীক্ষার জন্য পরীক্ষার্থীদের এন্ট্রি ফরম গ্রহণ জমা ও প্রয়োজনীয় ফি জমা দেওয়ার তারিখ, ফি এর হার এবং নিয়মাবলী অত্র সংগে দেওয়া হল। পরীক্ষার বিস্তারিত সময়সূচি যথা সময়ে অবহিত করা হবে। পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে অবগত হওয়া যাবে। ইহা ছাড়া উক্ত তথ্যাদি কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে দেখা যাবে।

১.১ সকল পরীক্ষার্থীদের নিকট হতে নিম্নোক্ত হারে পরীক্ষার ফি আদায় করতে হবে ঃ

ক্রঃ নং	বিবরণ	পরীক্ষার ফি	নম্বর পত্র ফি	সনদ পত্র ফি	কেন্দ্র ফি	ইন্সটিউটের অংশ	বোর্ডের মোট অংশ
ক	১ম ও ৩য়পর্ব অনিয়মিত/পরিপূরক (প্রতিষ্ঠান মূল্যায়ন করবে)	২২৫/-	৫০/-	-	৪৫০/-	৫০০/-	২২৫/-

২. শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার্থীদের তালিকা ও ফিসমূহ বোর্ডে প্রেরণ পদ্ধতিঃ

২.১ শিক্ষা প্রতিষ্ঠান- এর সংশ্লিষ্ট পরীক্ষার্থীর নিকট হতে আদায়কৃত বোর্ডের অংশ সমূহের সমুদয় অর্থ সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকুলে সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড, হিসাব নং চলতি ১৩৩০০০১২১৮২ বেগম রোকেয়া সরণী শাখা আগারগাঁও, শেরেবাংলা নগর (সোস্যাল ইসলামী ব্যাংক, লায়ন্স চক্ষু হাসপাতাল, আগারগাঁও, ঢাকা শাখায় নগদ অর্থ জমা দিয়েও ভাউচার সংযুক্ত করা যাবে) অথবা সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে, আগারগাঁও শাখায় উত্তোল যোগ্য সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকুলে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে কৃষি শাখার ডেস্কে যাচাই বাচাই করার পর বোর্ডের হিসাব শাখায় প্রদত্ত ছকে তারিখ অনুযায়ী জমা দিতে হবে। (এখন হতে উল্লেখিত ড্রাফট স্ব-স্ব প্রতিষ্ঠানকে ব্যাংকে ভাউচারের মাধ্যমে জমা প্রদান করতে হবে।)

২.২ পরীক্ষার্থীদের তালিকা ও পরীক্ষার ফিবাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট-এর বিবরণীর তালিকাসহ স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল শিক্ষকের মাধ্যমে (পরীক্ষা কাজে সংশ্লিষ্ট) নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে পৌছাতে হবে। তবে সংশ্লিষ্ট শিক্ষকের ভ্রমন সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান বহন করবেন। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ছাড়া পরীক্ষার্থীর কাগজপত্র ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে না।

২.৩ ১ম ও ৩য় পর্ব তাত্বিক/ব্যবহারিক বিষয়ে অকৃতকার্য ছাত্র-ছাত্রীদের অন-লাইনে মাধ্যমে ফরম ফিলাপ করতে হবে। ওয়েব সাইটে দেয়া তথ্যের হার্ড কপি প্রিন্ট করে নির্ধারিত স্থানে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান এবং পরীক্ষার্থীর স্বাক্ষরসহ কৃষি শাখায় জমা দিতে হবে।

২.৪ ১ম ও ৩য় পর্ব ব্যবহারিক পরীক্ষা পর্ব সমাপনী পরীক্ষার পর অনুষ্ঠিত হবে। পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনা, মৌখিক পরীক্ষা গ্রহণ ও নম্বর প্রদানে (গ্রেডিং) সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষককে সহায়তা করার জন্য প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধান যে কোনো শিক্ষক নিয়োগ করতে পারবেন।

২.৫ নিম্নোক্ত ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী পরীক্ষার্থীদের তালিকা পরীক্ষার ফি গ্রহণ ও প্রবেশপত্র বিতরণ করা হবে।

শিক্ষা প্রতিষ্ঠান হতে বিলম্ব ফি ছাড়া **অনলাইনে ফরম** ফিলাপ ও ব্যাংক ড্রাফ্ট করার শেষ তারিখ	শিক্ষা প্রতিষ্ঠানে বিলম্ব ফিসহ (৩০০/=হারে) ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফ্ট করার তারিখ	অত্র বোর্ডে সকল ব্যাংক ড্রাফট ও সংশোধিত এন্ট্রি ফরম জমা / গ্রহনের শেষ তারিখ	নির্ধারিত তারিখের (১৭/ ০৬ /১৭) পর প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- টাকা জরিমানা সাপেক্ষে ''ব্যাংক ড্রাফট ও প্রিন্ট আউট কপি,'' ১৮/০৬/১৭ খ্রিঃ তারিখ পর্যমত্ম পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতি সাপেক্ষে গ্রহণ করা হবে।	অত্র বোর্ড হতে প্রবেশপত্র এবং পরীক্ষা সংক্রামত্ম প্রয়োজনীয় কাগজপত্র হাতে হাতে গ্রহন ও প্রবেশপত্র সংশোধনের শেষ তারিখ
১৩/০৬/১৭ খ্রিঃ	১৬/০৬/১৭ খ্রিঃ	১৭/০৬ /১৭ খ্রিঃ		১৮/০৬/২০১৭ খ্রিঃ

উপরোক্ত ছকের বর্ণিত তারিখে ফরম ফিলাপ করার পর ঐ দিনই প্রিন্ট আউট কপি প্রিন্ট করতে হবে।

৩.৪ উপরে **''ছকে''** বর্ণিত তারিখের মধ্যে ছাত্র/ ছাত্রীদের নিকট হতে আদায়কৃত সমুদয় অর্থের ব্যাংক ড্রাফট করতে হইবে এবং উক্ত তারিখের পরে কোন পরীক্ষার্থীর ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করা হলে তা গ্রহনযোগ্য হবে না।

৩.৫ নির্ধারিত তারিখে ব্যাংক ড্রাফট করে সময়মত বোর্ডে জমা দিতে ব্যর্থ হলে ২৫০০/-(দুই হাজার পাঁচশত) টাকা জরিমানাসহ **''ছকে''** বর্ণিত তারিখ পর্যমত্ম জমা দেওয়া যাবে।

৩.৬ পরীক্ষা সংক্রামত্ম সকল বিষয়ের যোগাযোগ অত্র অফিসের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর যোগাযোগ করতে হবে।

৩.৭ পরীক্ষার প্রবেশ পত্র, পরীক্ষার উত্তর পত্র, হাজিরা সিট, ড্যাচ প্যাচ ফরম ও অন্যান্য প্রয়োজনীয় কাগজ পত্র সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি), বরাবর প্রেরনের ব্যবস্থা করবেন।

৩.৮ প্রবেশপত্র গ্রহনের সময় প্রবেশপত্রের সংখ্যা সঠিক আছে কিনা তা দেখে নিতে হবে। প্রবেশপত্রে নাম, পিতার নাম, সেশন, রেজিঃ নম্বর, রোল নম্বর সঠিক আছে কিনা তা ভালভাবে পরীক্ষা করতে হবে। প্রবেশপত্রের ভুলের কারনে যদি কোন পরীক্ষার্থীর ফলাফল প্রকাশে ব্যাঘাত সৃষ্টি হয় তার জন্য বোর্ড দায়ী থাকবে না।

৩.৯ পরীক্ষার ফি, সার্ভিস চার্জ, নম্বরপত্র, বিবিধ ফি ও শিক্ষা সপ্তাহ ফি সমূহের জন্য একটি ব্যাংক ড্রাফট (বোর্ডের প্রাপ্য) বরাবর, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি), ৬ষ্ঠ তলা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা-১২০। প্রেরণের ব্যবস্থা করবেন।

৪.০ ১ম ও ৩য় পর্বের GPA প্রেরণের ছকঃ

অন-লাইনে-এ ১ম ও ৩য়পর্বের GPA প্রেরণের সময়	মমত্মব্য
১ম ও ৩য়পর্ব পরিপূরক পরীক্ষা শেষ হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে ফলাফল প্রকাশ করে অন-লাইনে GPA প্রেরণ করে GPA করে হার্ড কপি বোর্ডে জমা দিয়ে তা নিশ্চিত হতে হবে।	১ম ও ৩য় পর্বের GPA অন-লাইনে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে ব্যর্থ হলে প্রতিষ্ঠানকে ২৫০০/- জরিমানাসহ পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতি সাপেক্ষে জমা দেয়া যাবে।

<u>৪.০ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ নিম্ন বর্ণিত ''ছক'' অনুযায়ী হবে।</u>

তারিখঃ.......................... বিষয় কোডঃ .... কেন্দ্র কোডঃ....................... প্রেরক কেন্দ্র সচিব/ ভারপ্রাপ্ত কর্মকর্তা কেন্দ্রের নামঃ উপজেলা ঃ	প্রাপকঃ সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি) ৬ষ্ঠ তলা- কৃষি শাখা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আগাগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭। ফোন -০২-৮১২১০৩৫

৪.২ পরীক্ষার ফিবাবদ আদায়কৃত প্রতিষ্ঠানের প্রাপ্য অংশ হতে পরীক্ষা সংক্রান্ত সকল ব্যয় মিটাতে হবে।

পর্ব	নিয়মিত/ অনিমিত	ছাত্র/ছাত্রী দের সংখ্যা	পরীক্ষার ফি	নম্বর পত্র ফি	বিলম্ব ফি	মোট টাকা	মমত্মব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮
১ম ও ৩য়	অনিয়মিত/ পরিপূরক						

যদি কোন কারন বশতঃ নির্ধারিত তারিখের মধ্যে অন-লাইনে দেয়া ও বোর্ডে হার্ড কপি জমা করতে ব্যর্থ হলে প্রতিষ্ঠান জরিমানাসহ পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতি সাপেক্ষে জমা দেয়া যাবে।

স্বাঃ/-

(প্রকৌঃ সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ০২-৯১১৩২৮৩ (অফিস)

স্মারক নং বাকাশিবো/পঃনিঃবি/কৃষি/২০১৭/৮৭(১৭) তারিখঃ ০৬/০৬/২০১৭ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হ'লঃ

১। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর ঢাকা।
২। উপ- প্রধান বন সংরক্ষক(শিক্ষা ও প্রশিক্ষণ উইং), বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর ঢাকা।
৩-৬। সচিব/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (কারিকুলাম)/পরিচালক(শিল্প ও প্রশিক্ষণ সমন্বয়) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। অধ্যক্ষ/কেন্দ্র সচিব ফরেস্ট সায়েন্স এন্ড টেকনোলজী ইন্সটিটিউট, চট্টগ্রাম।
৮। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৯-১১। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), উপ-সচিব (রেজিঃ) ও কারিকুলাম বিশেষজ্ঞ-(কৃষি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(বিজ্ঞপ্তি টি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ জানানো হলো)
১৩-১৫। সহকারী হিসাব রক্ষণ অফিসার ও প্রেস ম্যানেজার (মালামাল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(সংশিস্নষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে পরীক্ষার ফি গ্রহণ ও উত্তরপত্র ও অন্যান্য সকল মালামাল সরবরাহ করার ব্যবস্থা গ্রহণ করবেন)।
১৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা।
১৭। নথি।

(মোঃ আবদুল কাইউম)
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন-০২-৪৮১১০৯৪৯